# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪২১

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ মুজাহাদাহ বা দ্বীনের জন্য এবং আত্মা, শয়তান ও দ্বীনের শত্রুদের বিরুদ্ধে নিরলস চেষ্টা, টানা পরিশ্রম ও আজীবন সংগ্রাম করার গুরুত্ব

## আরবী

عَنْ أَبِيْ فِراسٍ رَبِيعةَ بنِ كَعبٍ الأَسلَمِيّ خَادِمِ رَسُولِ الله ﷺ وَمِن أَهلِ الصُّفَّةِ قَالَ : كُنْتُ أَبِيتُ مَعَ رَسُولِ الله ﷺ فآتِيهِ بِوَضُوئِهِ وَحَاجَتِهِ فَقَالَ سَلْنِي فقُلْتُ : أَسْأَلُكَ مُرَافَقَتَكَ في الجَنَّةِ فَقَالَ أَوَ غَيرَ ذلِكَ ؟ قُلْتُ : هُوَ ذَاكَ قَالَ فَأَعنِي عَلَى نَفْسِكَ بِكَثْرَةِ السُّجُودِ رواه مسلم

## বাংলা

(৪২১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খাদেম ও আহলে সুফফার বিশিষ্ট ব্যক্তিত্ব আবূ ফিরাস রাবীআহ ইবনে কা'ব আসলামী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে রাত কাটাতাম। আমি তাঁর কাছে ওযূর পানি এবং প্রয়োজনীয় বস্তু এনে দিতাম। (একদিন তিনি খুশী হয়ে) বললেন, তুমি আমার কাছে কিছু চাও। আমি বললাম, আমি আপনার কাছে জান্নাতে আপনার সাহচর্য চাই। তিনি বললেন, এ ছাড়া আর কিছু? আমি বললাম, বাস্ ওটাই। তিনি বললেন, তাহলে তুমি, অধিকাধিক সিজদা করে (অর্থাৎ প্রচুর নফল নামায পড়ে) তোমার (এ আশা পূরণের) জন্য আমাকে সাহায্য কর।

## ফুটনোট

(মুসলিম ৪৮৯ , আবু দাঊদ, প্রমুখ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63940

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন